

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত এর কার্যালয়
সাতক্ষীরা।

বিজ্ঞপ্তি নং-০৭

তারিখ-২৫/০৮/২০২১ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

সাতক্ষীরা জেলা জজ আদালতে নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (১১,০০০-২৬,৫৯০)	০১ টি	যে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে অবশ্যই কম্পিউটারে পারদর্শী হইতে হইবে।
২।	অফিস সহায়ক (৮,২৫০-২০,০১০)	০২ টি	অষ্টম শ্রেণী উত্তীর্ণ।

: শর্তাবলী :

- প্রার্থীকে নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে এবং প্রার্থী কর্তৃক দরখাস্তটি স্বহস্তে পূরণকৃত ও স্বাক্ষরিত হইতে হইবে। চেয়ারম্যান, নিয়োগ ও বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, সাতক্ষীরা বরাবর ডাকযোগে অথবা সরাসরি আবেদন প্রেরণ করিতে হইবে।
- খামের উপর পদের নাম উল্লেখ করিতে হইবে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ১২/০৯/২০২১ ইং বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলি গণ্য হইবে। আবেদনপত্রের সহিত স্পষ্ট অক্ষরে ৯.৫ × ৪.৫ ইঞ্চি খামের উপর নিজ ঠিকানা লিখি যা ১০ (দশ) টাকার ডাকটিকিটযুক্ত একটি ফেরত খাম দিতে হইবে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমের নমুনা জেলা জজ আদালতের নোটিশ বোর্ডে পাওয়া যাইবে অথবা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ওয়েব সাইট (<http://www.forms.gov.bd>) এ পাওয়া যাইবে।
- শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত সর্বশেষ জারিকৃত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হইবে। কোটা দাবীকৃত আবেদনকারীকে খামের উপর কোন কোটায় আবেদন করা হইয়াছে তাহা সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। আবেদনকারীকে সংশ্লিষ্ট কোটার অধিকারী মর্মে সত্যায়িত প্রমাণপত্র আবেদনের সহিত দাখিল করিতে হইবে।
- ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সনদ্য তোলা ৫×৫ সেঃ মিঃ সাইজের ২ কপি রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করিতে হইবে।
- আবেদনকারীর বয়স জনপ্রশাসন মন্ত্রণালয়ে র ১৯/০৮/২১ তারিখের পরিপত্র অনুযায়ী ২৫/০৩/২০২০ খ্রীঃ তারিখে ১৮ (আঠার) হইতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হইতে হইবে। তবে মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। বয়সের ব্যাপারে কোন প্রকার এ্যাক্সেপ্টেড প্রমাণ যোগ্য নহে।
- সরকারি চাকুরী হইতে বরখাস্ত/অপসারণকৃত প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না।
- প্রাথমিক বাছাই অন্তে আবেদনপত্রের সহিত প্রাপ্ত খামে যোগ্য প্রার্থীদের বরাবরে লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করা হইবে। লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রে উল্লেখ থাকিবে।
- নিয়োগ সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণপূর্বক লিখিত, ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই চূড়ান্ত করা হইবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রত্যেক প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের এবং কোটার অধিকারীদের ক্ষেত্রে প্রমাণপত্রের মূল কপি সহ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রত্যেকটি সনদের ফটোকপি সঙ্গে আনিতে হইবে।
- আবেদনের সহিত অন্য কোন কাগজপত্র অথবা কোন প্রকার সনদপত্র অথবা কোন সনদের ফটোকপি দাখিল করিবার আবশ্যিকতা নাই।
- পরীক্ষার অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না। প্রার্থীগণকে প্রয়োজনীয় কলম, পেনসিল সঙ্গে আনিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ পদের সংখ্যা কম-বেশি করিবার ক্ষমতাসহ যে কোন পদের নিয়োগ স্বগিত রাখিবার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলি গণ্য হইবে।

স্বাক্ষরিত/

নিয়োগ ও বাছাই কমিটি
এবং অতিরিক্ত জেলা ও দায়রা
জজ, ১ম আদালত, সাতক্ষীরা।

এম-৫০৫/২১(৮'×৩)